

# Press Release on the current situation in Afghanistan

August 17, 2021

## আফগানিস্তানের বর্তমান পরিস্থিতির উপরে প্রেস বিজ্ঞপ্তি

অগাস্ট 17, 2021

কাবুলে বর্তমান ব্যাপক পরিস্থিতির প্রতি দৃষ্টি রেখে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে আমাদের দূতাবাসের সকল কর্মচারীকে অনতিবিলম্বে ভারতে ফিরিয়ে আনা হবে। এই প্রক্রিয়াটি দুটি ধাপে সম্পূর্ণ করা হয়েছে এবং রাষ্ট্রদূত ও সকল ভারতীয় কর্মচারীরা আজ বিকেলে নিউ দিল্লিতে পৌঁছিয়েছেন।

আমরা আফগানিস্তানে সকল ভারতীয়দের কাছে সেখানকার সুরক্ষা পরিস্থিতির অবনতি অবগত করে পর্যায়ক্রমে সফর এবং সুরক্ষা উপদেশ প্রেরণ করেছি। যারা ইতিমধ্যেই আফগানিস্তানে রয়েছেন তাদের অনতিবিলম্বে ফিরে আসার জন্য এবং অন্যান্যদের সেখানে সফর না করার জন্য আর্জি জানিয়েছি। তৎসঙ্গেও, আমরা বুঝেছি যে কিছু সংখ্যক ভারতীয় সেই দেশে আটকা পরেছেন, তাদের মধ্যে কিছু জন তৃতীয় কোনও দেশের সংস্থা দ্বারা চাকুরী ক্ষেত্রে নিয়োজিত। এইমুহুর্তে আমাদের অগ্রাধিকার হল আফগানিস্তানে ঠিক কতজন ভারতীয় রয়েছেন সেই সম্পর্কিত সঠিক তথ্য জোগাড় করা। জরুরী ভিত্তিতে তাদের সম্পর্কে বিশদ বিবরণ পররাষ্ট্র দপ্তরের বিশেষ আফগানিস্তান সেলে জানানোর জন্য তাদের/ বা তাদের নিয়োগকর্তাদের অনুরোধ করা হচ্ছে।

ফোন: +91-11-49016783, +91-11-49016784, +91-11-49016785

হোয়াটস অ্যাপ: +91 80106 11290

ইমেল: [SituationRoom@mea.gov.in](mailto:SituationRoom@mea.gov.in)

আফগানদের ক্ষেত্রে আমাদের ভিসা পরিষেবা ই-ইমার্জেন্সি ভিসা সুবিধার মধ্যমে অব্যহত থাকবে, যেটি আফগানদের জন্য বর্ধিত করা হয়েছে। এই সুবিধাটি আমাদের <https://indianvisaonline.gov.in/evisa/Registration> ই-ভিসা পোর্টালে উপলব্ধ করতে পারা যাবে। ইতিমধ্যেই আফগান শিখ এবং হিন্দু নেতারা আমাদের অনুরোধ জানিয়েছেন এবং আমরা তাদের সাথে যোগাযোগ রাখছি।

আফগানিস্তান থেকে যাওয়া আসার মুখ্য প্রতিবন্ধকতা হল কাবুল এয়ারপোর্টের কার্যাবস্থা। বিদেশমন্ত্রীর সাথে আমেরিকার স্টেট সেক্রেটারি সহ আমাদের অংশীদারদের সাথে এই বিষয়ে একটি উচ্চ পর্যায়ের আলোচনা হয়েছে। ভারতীয়দের নিরাপদে ফিরিয়ে আনার জন্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ এবং যেই মুহুর্তে বাণিজ্যিক ক্রিয়াকলাপের জন্য কাবুল এয়ারপোর্টকে খুলে দেওয়া হবে ভারত তৎক্ষণাৎ উড়ানের বন্দোবস্ত করবে।

নিউ দিল্লি

অগাস্ট17,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.